দৈনিক ইত্তেফাক
তাং ০৮-০৯-০৯

উন্নয়ন

# মানব উন্নয়ন সূচক

ড. এম আজিজুর রহমান



Human Development Index বা HDI বলতে আমরা বুঝি মানুষ ও মানব জাতির সংশ্লিষ্টতায় উন্নয়ন সম্পৃক্ত উৎপাদন ও উৎপাদনশীল কর্মকাণ্ড। Human Development বলতে বুঝি মানব জাতির উন্নতি, উন্নতি সাধনে, বিকাশ সাধন ও বিকাশ লাভ, কল্যাণমুখী বর্ধনশীল এবং মানুষ ও মনুষ্য জাতির ক্রমবিকাশ ও বিবর্তনশীলতা। Human Development Index বলতে ব্যক্তি মানুষ, পরিবার, দশ ও দেশ, জাতি এবং একটি মানব জাতির সাথে অন্য একটি জাতির তুলনামূলক মানবিক উন্নয়নের মাপ ও পরিমাপকাঠি হিসেবে দাঁড়িপাল্লা, মানবিক উন্নয়নের মাপকাঠির তুলনামূলক সূচক ও সাংকেতিক সংখ্যা নির্দেশ ও নির্দেশক মূলমন্ত্র ইত্যাদি পরিষ্কারভাবে বিভিন্ন জাতির বোধগম্য সাপেক্ষে একটি গ্রহণযোগ্য common equation তৈরি করা। এরূপ সূত্রকেই আমরা Human Development Index (HDI) বলছি। এরূপ একটি সূত্র তৈরি করতে মানব উন্নয়নের প্রয়োজনীয় সর্বরকম ব্যবহৃত উপকরণ এবং এর ফলশ্রুতি হিসেবে প্রত্যাশিত মানব উন্নয়ন যেমন একটি মানুষের বিভিন্ন ধরনের খাওয়া পরা, জীবন চলার পথে প্রয়োজনীয় দ্রব্যাদি ও সেবামূলক দ্রব্যাদির যোগান বা সরবরাহ ইত্যাদি এবং ফলশ্রুতি হিসেবে মানব উন্নয়নের পরিমাপ, উৎপাদন, উৎপাদনে ব্যবহৃত বিভিন্ন উপকরণ, পরিতৃপ্ততা এবং মানসিক জ্ঞানসম্পন্ন শ্রমের ইত্যাদি অনেক কিছু ব্যবহার করে বিভিন্ন জাতির মানব উন্নয়নের তুলনা সাপেক্ষে যে পরিমাপ সূত্রটি তৈরি করা হয় তাকেই বলা হয় Human Development Index।

বিভিন্ন মানব জাতির মানব উন্নয়নের তুলনামূলক পরিমাণ নির্ণয় সাপেক্ষে UNDP কর্তৃক HDI ধারণাটির উদ্ভাবন হয়। যার সুনির্দিষ্ট উদ্দেশ্য হল শরীর, স্বাস্থ্য, মন-মনসিকতা ও শারীরিক স্বাস্থ্য এবং মানুষের কল্যাণ, মঙ্গল, সুখ-স্বাচ্ছন্দ্য ও আরাম আয়েশ ইত্যাদির সংশ্লিষ্টতায় বিভিন্ন দেশের মানুষের তুলনামূলক একটি পরিসংখ্যান। HDI-এর অন্তর্ভুক্ত অনেক গুরুত্বপূর্ণ বিষয় থাকে যেমন শারীরিক বিষয়, প্রত্যাশিত জীবন ও জৈবিক ক্রিয়া সংক্রান্ত, মন-মানসিকতা, আবেগপ্রবণতা, সামাজিকতা, শিক্ষা ও আর্থিক সংস্থান ও গ্রহণযোগ্য সাংস্কৃতিক সংশ্লিষ্টতা ইত্যাদি মানব উন্নয়ন বিষয়ক বিভিন্ন গুরুত্বপূর্ণ কর্মকাণ্ড। HDI-এর বিস্তার, আয়তন এবং মাত্রা হিসাবে সাধারণত এর তিন ধরনের আকার বা মাত্রার কথা আন্তর্জাতিক গবেষণাপত্রে উল্লেখ করা হয়। প্রথমত জীবনের জন্ম থেকে আয়ুষ্কাল, কল্যাণ ও মঙ্গল বিশেষ করে শিশু ও শিশুদের নিরাপত্তা সংশ্লিষ্ট সুখ-স্বাচ্ছন্দ্য। দ্বিতীয়ত বয়স্ক শিক্ষার হার

মাথাপিছু আয় বা মোট দেশজ উৎপাদন (GDP)। সর্বত্রভাবে বিভিন্ন জাতির জন্যে গ্রহণযোগ্য HDI হল সংক্ষিপ্ত গড়পড়তা মানবকল্যাণ বা মঙ্গল এবং সুখ-স্বাচ্ছন্দ্য বা আরাম আয়েশের হিসাব নিকাশের আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য সূচক বা সূত্র। HDI সূচকটি United Nation কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত এবং গ্রহণযোগ্য। HDI কে আমরা আরও অনেক গুরুত্বপূর্ণ কাজে ব্যবহার করে থাকি। মানবিক উন্নয়নের প্রেক্ষিতে কীভাবে একটি দেশ ও জাতিকে Ranking/Rating করতে হয় এবং কোন দেশটি উন্নত, কোন দেশটি উন্নয়নশীল এবং কোন্ দেশটি অনুন্নত ইত্যাদি।

ওপরে উল্লেখিত বিষয়গুলো সংক্ষেপে পুনরায় উল্লেখ করলে যা দাঁড়ায় তা হল HDI কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ের গড়পরতা ফলাফল, মাপ ও পরিমাপ যা হল মানুষের আয়ুষ্কাল, বয়স্ক শিক্ষার হার, বয়স্কদের স্কুলের গমনের গড়পড়তা বছর এবং মাথাপ্রতি আয় বা GDP ইত্যাদি। সংক্ষেপে HDI নির্ধারণে এগুলো প্রতিটি দেশ ও জাতির মানব উন্নয়ন সাপেক্ষে তুলনামূলক কার্যক্রম সম্পন্ন করার জন্যে প্রযোজ্য। UNDP এর মতে এটা হল HDI পরিমাপের বিশ্বব্যাপী প্রযোজ্য ও গ্রহণযোগ্য মানব উন্নয়ন পরিমাপের একটি পদ্ধতি কারণ এ পরিমাপ পদ্ধতির ভেতরে মানুষের শিক্ষা, স্বাস্থ্য, নিয়োগ ও উপার্জনসহ সকল গুরুত্বপূর্ণ বিষয়গুলো আওতাভুক্ত করার সুযোগ রয়েছে। একটি দেশের অর্থনৈতিক নীতি-নির্ধারণ এবং নীতি নির্ধারণ কতটুকু মানসম্পন্ন ইত্যাদি পরিমাপ ও যাচাই করার সুযোগ-সুবিধা ও সম্ভাবনা উল্লেখিত HDI পদ্ধতির আওতাভুক্ত। UN-এর সদস্যভুক্ত দেশের সংখ্যা ১৯২ টি-এর ভেতরে ১৫টি দেশের বিভিন্ন ধরনের গুরুত্বপূর্ণ তথ্যের অভাবে সর্বমোট ১৭৭টি জাতিসংঘ সদস্য দেশের জন্য প্রয়োগযোগ্য এবং তুলানামূলক কার্যক্রমের স্বার্থে ১৭৭টি দেশকে HDI-এর স্বার্থে আওতাভুক্ত করা হয়।

কল্যাণকামী মানুষের ভাল ও মন্দ বলতে আমরা যা বুঝি তা হল মানুষের মাথাপ্রতি আয়, উন্নতি ও প্রবৃদ্ধি। আয়ের সুষম বন্টন, দারিদ্র্য বিমোচন ও সুখী সমৃদ্ধ সমাজ গঠন। এখানে শুধু অর্থনৈতিক সংজ্ঞায় মানুষের আর্থিক ও মানসিক শান্তি, সামাজিক, রাজনৈতিক এবং মানবিক উন্নয়নের কথা আছে। কিন্তু সুখ-শান্তি অর্জনের প্রেক্ষপটে মাপকাঠি হিসেবে শুধু অর্থ ও আর্থিক অবস্থার ব্যবহারকে অনেক বিশেষজ্ঞ ও বিশেষ করে দার্শনিক ও ডাক্তাররা যথেষ্ট মনে করে না। সার্বিকভাবে মানবের কল্যাণ বলতে যা বোঝায় মানুষ ব্যক্তিবর্গ বা সমগ্র মানব জাতির মানসিক স্বাস্থ্য, পারিবারিক ও জাতীয় স্বাস্থ্য কেমন আছে ইত্যাদি। মা আয়ুষ্কাল, বয়স্কদের স্কুল গমনকালের গড়পড়তা বছর, আধুনিক জ্ঞান ও বিদ্যা-বুদ্ধি অর্জন, বিশ্বের উন্নয়নশীল দেশের তুলনায় জীবনযাত্রার মান-উন্নয়ন, সবকিছু মিলিয়ে বিভিন্ন দেশের মাপ-কাঠি হিসেবে UNDP কর্তৃক HDI বলে একটি সূত্র বা সূচকের উদ্ভাবন হয়। সূত্রটির বিভিন্ন দেশের মানবিক উন্নয়ন বা HDI হিসেবে পরিমাপের জন্যে আন্তর্জাতিকভাবে প্রয়োগযোগ্য বা বিভিন্ন দেশের মানব উন্নয়নের দাঁড়িপাল্লা, তুলনামূলক সূচকসংখ্যা ও নির্দেশমূলক ফলপ্রসূ সূত্র হিসেবে গ্রহণযোগ্য। বিভিন্ন দেশের স্বচ্ছলতা ও দারিদ্র্যতা সঠিকভাবে নিরূপণ করা এবং দারিদ্র্যতা কিভাবে বিমোচন করতে হবে তার জন্যে সঠিকভাবে মানসম্পন্ন অর্থনৈতিক ও সংশ্লিষ্ট নীতি-নির্ধারণের সম্ভাবনা যাচাই ইত্যাদি মানব উন্নয়ন সংশ্লিষ্ট বিভিন্ন গুরুত্বপূর্ণ কারণেই উদ্ভাবিত হয় Human Development Index (HDI)।

[ লেখক: ভাইস চ্যান্সেলর, উত্তরা ইউনিভার্সিটি ]